


মতলব দক্ষিণ, চাঁদপুর উপজেলার মৎস্য সম্পদ উন্নয়নের জন্য প্রস্তাবিত ৩, ৫ এবং ১০ বছর মেয়াদী পরিকল্পনাগুলোর বিস্তারিত আয়-ব্যয় এবং বাস্তবায়ন কৌশল নিচে প্রদান করা হলো:

পরিকল্পনা	প্রধান কার্যক্রমসমূহ	লক্ষ্যমাত্রা	বাস্তবায়ন কৌশল	যৌক্তিকতা/সুবিধা
স্বল্পমেয়াদী (৩ বছর)	<p>প্রধান কার্যক্রম:</p> <p>১) ধনাগোদা নদীতে মাছের ৫টি অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ;</p> <p>২) উপজেলা মৎস্য দপ্তরে একটি প্রশিক্ষণ কেন্দ্র কাম পরীক্ষাগার স্থাপন;</p> <p>৩) মৎস্য চাষীদের কারিগরী সহযোগিতা ও আধুনিক পদ্ধতিতে মাছ চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান (বছরে ১০ টি করে ০৩ বছরে ৩০টি);</p> <p>৪) ধনাগোদা নদীতে খাঁচায় মাছ চাষ (১০টি খাঁচা স্থাপন); এবং</p> <p>৫) প্রদর্শনী খামার স্থাপন (প্রতি ইউনিয়ন/ পৌরসভায় ০১টি করে বছরে ০১টি ও ০৩ বছরে ২১ টি প্রদর্শনী স্থাপন)।</p> <p>ব্যয় (আনুমানিক): ১-১.৫ কোটি টাকা</p>	<p>মাছের আবাসস্থল সংরক্ষণ এবং মৎস্যজীবী ও মৎস্যচাষীদের জীবন মান উন্নয়নের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি।</p>	<p>১) ধনাগোদা নদীর উপযুক্ত স্থানে স্থানীয় জনগণের অংশগ্রহণে মাছের ৫টি অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ;</p> <p>২) উপজেলা মৎস্য ভবনের পিছনে চার দেয়াল করা একটি স্থাপনাকে সংস্কার করে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র ও পরীক্ষাগার তৈরি করা সম্ভব;</p> <p>৩) পানি পরীক্ষার প্রয়োজনীয় কিট বস্তু ক্রয় করে মৎস্য চাষীদের যাবতীয় কারিগরী সহযোগিতা প্রদান করা হবে;</p> <p>৪) আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপিত হলে প্রকৃত মৎস্যচাষীদের মানসম্মত প্রশিক্ষণ প্রদান করা যাবে;</p> <p>৫) ধনাগোদা নদীতে উপযুক্ত স্থানে প্রশিক্ষিত মৎস্য চাষীদের মাধ্যমে খাঁচায় মাছ চাষ করা হবে এবং</p> <p>৪) প্রতি বছর প্রতিটি ইউনিয়ন/ পৌরসভায় একটি করে উন্নত প্রজাতির মাছচাষের প্রদর্শনী খামার স্থাপন করা হবে।</p>	<p>প্রত্যাশিত আয়/সুফল: দেশীয় মাছের উৎপাদন ১০-১৫% বৃদ্ধি পাবে ও প্রজাতি সংরক্ষিত হবে। মৎস্যচাষিরা মানসম্মত প্রশিক্ষণ ও কারিগরী সহযোগিতা পাবে। স্থানীয় মৎস্য চাষীদের আয় প্রায় ১.৫ গুণ বৃদ্ধি পাবে এবং বাণিজ্যিকভাবে লাভবান হবেন।</p>
মধ্যমেয়াদী (৫ বছর)	<p>প্রধান কার্যক্রম: ১) মাছ বাজার ও আড়তের অবকাঠামো উন্নয়ন ও বাজার ব্যবস্থাপনার আধুনিকীকরণ;</p> <p>২) ধনাগোদা নদীর নাব্যতা ফিরিয়ে আনা এবং জলাশয় পুনঃখননের মাধ্যমে মাছের আবাসস্থল উন্নয়ন।</p> <p>৩) মৎস্য অবতরণ কেন্দ্র (Fish Landing Center) ও হিমাগার (Cold Storage) স্থাপন; এবং</p> <p>৪) মৎস্য চাষিকে আধুনিক কারিগরী সহযোগিতা প্রদান, গুণগত মাছের পোনা সরবরাহ নিশ্চিতকরণ এবং মৎস্য অভিযান পরিচালনার লক্ষ্যে টেকনিক্যাল কার ক্রয়।</p> <p>ব্যয় (আনুমানিক): ১০ - ১৫ কোটি টাকা (অবকাঠামো উন্নয়ন ও পরিবেশ পুনরুদ্ধার প্রকল্প ভিত্তিক)।</p>	<p>মাছের আবাসস্থল সংরক্ষণ এবং মৎস্যজীবী ও মৎস্যচাষীদের জীবন মান উন্নয়নের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি।</p>	<p>১) মাছ বাজার ও আড়তের ডেনেজ সিস্টেম, ফ্লোর, শেড ও এপ্রোচ রোডের উন্নয়ন করা হবে; বাজার ব্যবস্থাপনার জন্য এপস তৈরি ও ডিজিটালাইজেশনের মাধ্যমে করতে হবে;</p> <p>২) ধনাগোদা নদীর চর পরা স্থানে ড্রেজিং করা হবে এবং সংযুক্ত খাল ও খাস জলমহালগুলো পুনঃখননের মাধ্যমে মাছের আবাসস্থল উন্নয়ন করা হবে।</p> <p>৩) মৎস্য অবতরণ কেন্দ্র (Fish Landing Center) ও হিমাগার (Cold Storage) স্থাপন করা হবে; এবং</p> <p>৪) মৎস্য সম্প্রসারণ সেবা সহজীকরণ ও মান উন্নয়নের জন্য উপজেলা মৎস্য দপ্তরে টেকনিক্যাল কার ক্রয় করা হবে।</p>	<p>আয়/সুবিধা: মাছের আবাসস্থলের টেকসই উন্নয়ন হবে ফলে মাছের উৎপাদনের পাশাপাশি প্রজাতির বৈচিত্রতা বৃদ্ধি পাবে। মৎস্য আহরণ পরবর্তী অপচয় কমবে এবং রপ্তানিযোগ্য মাছের গুণমান বৃদ্ধির ফলে স্থায়ী অবকাঠামো উন্নয়ন ও বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক হবে। সকল প্রকার মৎস্য সেবার মান বৃদ্ধি পাবে।</p>
দীর্ঘমেয়াদী (১০ বছর)	<p>প্রধান কার্যক্রম:</p> <p>১) উপজেলা ডিজিটাল ফিশারিজ রিসোর্স ম্যাপ;</p> <p>ব্যয় (আনুমানিক): ১৫- ২০ কোটি টাকা)</p>	<p>মৎস্য বিষয়ক সকল প্রকার সেবা সহজীকরণ।</p>	<p>১) উপজেলায় অবস্থিত সকল নদী, খাল, বিল, পুকুরসহ সকল জলাশয়ের ডিজিটাল ম্যাপ করা হবে;</p> <p>২) মৎস্যজীবী, মৎস্যচাষী ও মৎস্য ব্যবসায়ীদের সকল তথ্যসহ ডিজিটাল তালিকা করা হবে;</p> <p>৩) মৎস্য অবতরণ কেন্দ্র, মাছের বাজার, মাছের আড়ৎ, হিমাগার ও বরফকলের বিস্তারিত তথ্যসহ ডিজিটাল ম্যাপ করা হবে; এবং</p> <p>৪) পরিশেষে উপজেলা ডিজিটাল ফিশারিজ রিসোর্স ম্যাপ প্রস্তুত করা হবে।</p>	<p>প্রত্যাশিত আয়/সুফল: মাছের উৎপাদন, বিপন্ন, আমদানী, রপ্তানীসহ সকল প্রকার মৎস্য বিষয়ক সেবা সহজ হবে।</p>


শামীম আহমদ

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
মতলব দক্ষিণ, চাঁদপুর